

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৭

ডিসেম্বর ২৯, ২০১০
তারিখ :-----
গৌর ১৫, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

জাতীয় পরিবেশ কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে অক্টোবর ০৮, ১৯৯৭ ও নভেম্বর ১০, ১৯৯৯ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং যথাক্রমে ১২ ও ২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লেখ্য, বিআরপিডি সার্কুলার লেটার নং ১২/১৯৯৭ এর ১ ও ২ নং অনুচ্ছেদে নিম্নোক্ত সিদ্ধান্ত বর্ণিত ছিল :

১। বিদ্যমান শিল্প কারখানার ক্ষেত্রে :

(ক) স্থাপিতব্য শিল্প কারখানাসমূহকে আর্থিক সহায়তা প্রদানের সময় ব্যাংক/খণ্ড প্রদানকারী সংস্থাসমূহ বর্তমানে যে প্রথা অনুসরণ করে থাকে, বিদ্যমান শিল্প কারখানার বেলায়ও চলতি মূলধন (Working Capital) প্রদানের সময় ব্যাংক/খণ্ড প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ পরিবেশ দূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাদি সম্পর্কে নিশ্চিত হয়ে একই পদক্ষেপ গ্রহণ করবে।

(খ) কোন বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানের BMRE সংক্রান্ত কর্মকাণ্ডে ব্যাংক/খণ্ড প্রদানকারী সংস্থাসমূহ পরিবেশ সংরক্ষণের নিমিত্তে স্থাপিতব্য শিল্প প্রতিষ্ঠানের অনুরূপ পদক্ষেপ গ্রহণ করবে।

২। স্থাপিতব্য শিল্প কারখানার ক্ষেত্রে :

ব্যাংক খণ্ডের আওতায় স্থাপিতব্য শিল্প কারখানার যন্ত্রপাতি আমদানি তালিকায় বর্জ্য পরিশোধন প্লান্ট সংক্রান্ত যন্ত্রপাতির অতঙ্গুতি সম্পর্কে নিশ্চিত হওয়ার পরই কেবল যন্ত্রপাতি আমদানির জন্য সে সকল শিল্প কারখানার অনুকূলে এলসি খোলার অনুমতি দিতে হবে।

এ প্রসংগে উল্লেখ্য, বিগত ফেব্রুয়ারি ২৮, ১৯৯৯ তারিখে মাননীয় পরিবেশ ও বন মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উল্লেখিত ১ নং অনুচ্ছেদে বর্ণিত সিদ্ধান্তের পরিবর্তে নিম্নোক্ত সিদ্ধান্ত অনুমোদিত হয় যা বিআরপিডি সার্কুলার লেটার নং ২১/১৯৯৯ মোতাবেক জারী করা হয়েছিল :

“পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ নিশ্চিতের লক্ষ্যে স্থাপিতব্য শিল্প কারখানাসমূহকে এবং BMRE-র ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রদানের সময় ব্যাংক/খণ্ড প্রদানকারী সংস্থাসমূহ যে প্রথা অনুসরণ করে থাকে বিদ্যমান শিল্প কারখানার ক্ষেত্রে শুধু Working Capital প্রদানের সময় সেই পদ্ধতি শিথিল করা হলো।”

এক্ষণে, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় পরিবেশ কমিটির তৃতীয় সভায় উপরোক্ত ১ ও ২ নং নির্দেশনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এতে করে বিআরপিডি সার্কুলার লেটার নং ১২/১৯৯৭ এর মাধ্যমে জারীকৃত নির্দেশনা পুনর্ব্যবহার করা হলো।

এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার লেটার নং ১২/১৯৯৭ এর মাধ্যমে জারীকৃত নির্দেশনা পুনর্ব্যবহালের প্রেক্ষিতে বর্ণিত ১ ও ২ নং সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(কে.এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক(ভারপ্রাপ্ত)
ফোন: ৭১২৫০২১